**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এক দেশ এক নির্বাচনের পক্ষে জনগণকে সম্মিলিত প্রয়াস নেওয়ার আহ্বান জানিয়েছেন।**

**(২) আজ মহা শিবরাত্রি। সারা দেশে সঙ্গে রাজ্যেও মহাসমারোহে দেবাদিদেব মহাদেবের পূজার্চনা করা হচ্ছে|**

**(৩) প্রয়াগরাজে মহাকুম্ভের আজ শেষ দিন |**

**(৪) মহিলাদের আমন্ত্রণমূলক সীমিত ওভারের সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে ব্লাডমাউথ ক্লাব খেলবে তরুণ সংঘ কোচিং সেন্টারের বিরুদ্ধে।**

*************************************************

## One Nation One Election:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, এক দেশ এক নির্বাচন হলে দেশের আর্থিক অবস্থা সুদৃঢ় হবে, রাজনৈতিক স্থিতিশীলতা আসবে, ভোটের প্রতি মানুষের উৎসাহ বাড়বে এবং গণতন্ত্র আরও সুদৃঢ় হবে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এক দেশ এক নির্বাচন শীর্ষক আলোচনা চক্রে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন ।মুখ্যমন্ত্রী বলেন, প্রতিবছর নির্বাচন হলে মানুষ বিরক্ত বোধ করে। দেশের আর্থিক পরিকাঠামো এবং শিক্ষাক্ষেত্রেও ক্ষতি হয়, মন্ত্রিসভায় বহু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রেও প্রতিবন্ধকতার সৃষ্টি হয়। তাই সার্বিকভাবে দেশের উন্নয়ন ও অগ্রগতির জন্য এক দেশ এক নির্বাচনের পক্ষে জনগণকে সম্মিলিত প্রয়াস নেওয়ার আহ্বান জানান তিনি।

আলোচনাচক্রে অন্যান্যদের মধ্যে সাংসদ রাজীব ভট্টাচার্য, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সব্যসাচী দাশগুপ্ত, এক দেশ এক নির্বাচন কমিটির আহ্বায়ক জহরলাল সাহা বক্তব্য রাখেন।

***************************

**Shiv Chaturdashi-National:**

আজ মহা শিবরাত্রি। সারা দেশে মহাসমারোহে দেবাদিদেব মহাদেবের পূজার্চনা করা হচ্ছে|

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মহাশিবরাত্রি উপলক্ষে দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি প্রার্থনা করেন যে পরমেশ্বর দেবতা মহাদেবের আশীর্বাদ সকল নাগরিকের উপর বর্ষিত হোক এবং ভারত অগ্রগতির পথে এগিয়ে চলুক।

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় মহাশিবরাত্রি উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। কামনা করেছেন যে ভগবান শিবের কৃপা সমগ্র বিশ্বে বজায় থাকুক এবং তাঁর আশীর্বাদে ভারত অগ্রগতি ও সমৃদ্ধির পথে এগিয়ে যাক।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে মহাশিবরাত্রির শুভেচ্ছা জানিয়ে, প্রার্থনা করেছেন যে ভগবান শিবের উদ্দেশ্যে উৎসর্গীকৃত এই ঐশ্বরিক উপলক্ষ নাগরিকদের জন্য সুখ, সমৃদ্ধি এবং সুস্বাস্থ্য বয়ে আনুক। এই উৎসব একটি উন্নত ভারতের সংকল্পকেও শক্তিশালী করবে বলে প্রধানমন্ত্রী আশা ব্যক্ত করেন।

***************************

**Shiv Chaturdashi-State:**

রাজ্যেও  ভক্তি ও শ্রদ্ধার সঙ্গে মহাশিবরাত্রি ব্রত উৎসব উদযাপিত হচ্ছে। রাজ্যের  শিবমন্দিরগুলিতে এই উপলক্ষে ভীড় লক্ষ্য করা গেছে।  কোথাও কোথাও মেলাও বসেছে।

মহা শিবরাত্রি উপলক্ষে আজ আগরতলার সেন্ট্রাল রোড শিববাড়ি, বটতলা শিবমন্দির, আসাম রাইফেলস শিববাড়ি, আনন্দময়ী আশ্রম, ইন্দ্রনগর কালিবাড়ি সহ শহরের বিভিন্ন মন্দিরগুলিতে ভক্তরা পূজার্চনায় ব্রতী হয়েছেন।

**************************

## MAHA SHIVRATRI-Shipahijala:

আজ সিপাহীজলা জেলায় এই উপলক্ষে বিভিন্ন শিব ও কালী মন্দির গুলিতে চলছে বিশেষ পূজার্চনা৷ সকাল থেকেই সারিবদ্ধভাবে দাঁড়িয়ে শিব ভক্তরা শিবলিঙ্গে দুধ, জল,দৈ, মধু ইত্যাদি ঢেলে শৈব প্রার্থনায় মেতে উঠেন। এর মধ্যে মহিলাদের ভিড় ছিল বেশি। এই চিত্র লক্ষ্য করা করা গেছে জেলার অন্তর্গত সোনামুড়া, বিশালগড় ও জম্পুইজলা মহকুমার বিভিন্ন মন্দিরে। মন্দির গুলিতে ভক্তদের ভিড় ও আশেপাশের রাস্তায় যানচলাচল নিয়ন্ত্রণে পুলিশ ছিল তৎপর। শিবরাত্রি উপলক্ষে আজ সারা রাতব্যাপী চলবে এই পূজার্চনা।

**************************

## MAHA SHIVRATRI-UNAKOTI:

মহাশিবচতুর্দ্দশী উপলক্ষে ঊনকোটি জেলার বিভিন্ন স্থানে শিবমন্দির, মহাদেব মন্দির ও মহাকাল আশ্রমে বিশেষ পূজার্চনা চলছে। আনন্দঘন পরিবেশ সর্বত্র পুনার্থীরা দীর্ঘ লাইনে দাঁড়িয়ে দেবাদিদেব শিবের পূজা ও অর্ঘ্য দিচ্ছেন৷

বহু শিবমন্দির প্রাঙ্গনে চলছে কীর্তন, অষ্টোত্তর নামপাঠ৷ মহা শিবচতুর্দশী উপলক্ষে মেলারও আয়োজন করা হয়েছে| শান্তি ও সুস্থিতি বজায় রাখতে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা নিয়েছে আরক্ষা প্রশাসন।

**************************

**MAHASHIVARATRI-North:**

উত্তর জেলায় ধর্মনগরের শিববাড়ি, কালিবাড়ি, দূর্গাবাড়ি সহ বিভিন্ন মহাদেব বাড়িগুলিতে পুর্নার্থীরা লাইনে দাঁড়িয়ে শিবের পূজা ও অর্ঘ্য দিচ্ছেন। জেলার কাঞ্চনপুর ও পাণিসাগর মহকুমাতেও শিব মন্দিরগুলোতে একই চিত্র পরিলক্ষিত হয়েছে|

**************************

**MAHA SHIVRATRI-Khowai:**

তথ্য ও সংস্কৃতি দপ্তর ও গ্রাম উন্নয়ন দপ্তরের যৌথ উদ্যোগে আজ থেকে খোয়াইয়ের সিঙ্গিছড়া শরৎচন্দ্র দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে পাঁচ দিনব্যাপী ৭৬ তম শিব চতুর্দশী মেলা হয়েছে উদ্বোধন করেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী।

**************************

**MAHA SHIVRATRI-South**:

শিব চতুর্দশী উপলক্ষে আজ দক্ষিন জেলার জোলাইবাড়ির ত্রিপুরেশ্বর শিব মন্দির, সাব্রুমের জলেফার শংকর মঠ ও বিলোনিয়া মহকুমার নলুয়া শংকর মঠ সহ জেলার সবকয়টি শিব মন্দিরে ধর্মীয় রীতি মেনে পূজার্চনা চলছে| সাব্রুমের মনু বাজারের আজাদহিন্দ ক্লাবের নবনির্মিত শিব মন্দিরেরও উদ্বোধন হয় আজ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিজেপির জেলা সভাপতি, দীপায়ন চৌধুরী প্রমুখ৷

**************************

**MAHA SHIVRATRI-Gomati:**

শিবচতুৰ্দ্দশী উপলক্ষ্যে আজ সকাল থেকেই গোমতী জেলার তিনটি মহকুমায় বিভিন্ন শিববাড়ীতে ভক্তদের উপচে পড়া ভিড় ছিল| রাজ্যের প্রাচীনতম উদয়পুরের শিববাড়ি মন্দির প্রাঙ্গনে প্রতি বছরের ন্যায় এবছরও শিবচতুৰ্দ্দশী উপলক্ষ্যে তিন দিনব্যাপি মেলা বসেছে। এই মেলার এবছর ১২৪ তম বর্ষ। শিবচতুৰ্দ্দশী উপলক্ষ্যে উদয়পুর মেলারমাঠে মুক্ত মঞ্চে তিন দিনব্যাপি সাংস্কৃতিক অনুষ্ঠান আজ সন্ধ্যা থেকে শুরু হয়েছে|

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*************************

**Mahakumbh:**

এখন মহাকুম্ভের খবর

######Sound byte######

প্রয়াগরাজে বিশ্বের সর্ববৃহৎ আধ্যাত্মিক ও সাংস্কৃতিক সমাবেশ মহাকুম্ভ আজ মহাশিবরাত্রির শুভ তিথিতে শেষ হবে। আজ ভোর থেকেই তীর্থযাত্রীরা প্রয়াগরাজের সঙ্গম এবং অন্যান্য ঘাটে পূণ্যস্নান  করছেন। ১৩ জানুয়ারী থেকে শুরু হওয়া মহাকুম্ভমেলায় ছয় সপ্তাহ ধরে এ পর্যন্ত ৬৪ কোটি ৬০ লক্ষেরও বেশি দর্শনার্থীর সমাগম হয়েছে, যা এটিকে বিশ্বের সর্ববৃহৎ মানব সমাবেশে পরিণত করেছে।

আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে মেলা নিরাপদ, সুরক্ষিত এবং স্মরণীয় করে তুলতে কর্তৃপক্ষ বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে। রেলওয়ে স্টেশন, রাস্তা এবং শহরের প্রবেশপথগুলিতে ভক্তদের ভীড় অব্যাহত রয়েছে।

গুরুত্বপূর্ণ স্থানগুলিতে যান চলাচল কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হচ্ছে। ঘাটগুলিতে আরও নিরাপত্তার জন্য, NDRF, SDRF, হোমগার্ড এবং পুলিশ যেকোনো দুর্ঘটনা এড়াতে সতর্ক নজর রাখছে। আকাশপথেও মেলার মাঠ পর্যবেক্ষণ করা হচ্ছে। রেডিও অনুষ্ঠান, লাউডস্পিকারে তথ্য এবং সংবাদ পরিবেশন করা হচ্ছে।

তাছাড়া, মহাশিবরাত্রির কারণে ৪ হাজার ৫০০টি বাস চলছে যেখানে যাত্রীরা প্রতি ১০ মিনিট অন্তর একটি বাস পেতে পারেন। অন্যদিকে ৭৫০টি শাটল বাসও মোতায়েন করা হয়েছে।

এদিকে, অমৃত স্নানের পরে, বিপুল সংখ্যক তীর্থ ফেরত মানুষদের জন্য, উত্তর মধ্য রেল, উত্তর-পূর্ব রেল এবং উত্তর রেল ব্যাপক প্রস্তুতি নিয়েছে এবং সমস্ত আধিকারিক ও কর্মীদের তাঁদের কর্মস্থলে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে। মহা শিবরাত্রি স্নানের পরে অতিরিক্ত ট্রেন চালানোর জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। প্রাথমিকভাবে, ভারতীয় রেল মহাকুম্ভের দিনগুলোর জন্য যাত্রী ভিড় সামলাতে ও স্বচ্ছন্দ পরিবহনেই জন্য প্রায় ১৩,৫০০ টি ট্রেন চালানোর পরিকল্পনা নিয়েছিল। বাস্তবে, মহাকুম্ভের ৪২ তম দিন পর্যন্ত, উল্লেখযোগ্য সংখ্যক বিশেষ

ট্রেন সহ ১৫ হাজারেরও বেশি অতিরিক্ত ট্রেন ইতিমধ্যেই চালানো হয়েছে। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব এবং রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান সতীশ কুমার রেলের কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন।

প্রসার ভারতীর চেয়ারম্যান নবনীত সেহগল বলেছেন, আকাশবাণী সর্বদা দেশের সংস্কৃতির সঙ্গে মানুষকে সংযুক্ত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে এবং একটি গণ সম্প্রচারক হিসেবে তার দায়িত্ব অত্যন্ত গুরুত্বের সাথে পালন করে। আজ শ্রী সেহগল বলেন, ৪৮ দিনের সম্প্রচার জুড়ে, আকাশবাণীর কুম্ভবাণী চ্যানেল অনেক মানুষকে স্পর্শ করেছে। তিনি আরও বলেন যে যারা প্রয়াগরাজে আসতে পারেননি এই চ্যানেল মহাকুম্ভের অভিজ্ঞতা তাদের সঙ্গেও ভাগ করে নিতে সক্ষম হয়েছে।

প্রসার ভারতীর সিইও গৌরব দ্বিবেদী আকাশবাণীর কুম্ভবাণী চ্যানেলের মহাকুম্ভ সম্প্রচারের প্রশংসা করেছেন। তিনি বলেন যে মহাকুম্ভ এবং কুম্ভবাণী উভয়ের যাত্রা অবিস্মরণীয় এবং লক্ষ লক্ষ মানুষের হৃদয়ে একটি ঐশ্বরিক স্থান দখল করে আছে। আকাশবাণীর মহানির্দেশক ডঃ প্রজ্ঞা পালিওয়াল গৌর স্বল্প সময়ের মধ্যে বিপুল সংখ্যক দর্শকের কাছে পৌঁছানোর ক্ষেত্রে কুম্ভবানির সাফল্যের কথা উল্লেখ করেন। তিনি বলেন যে মহাকুম্ভ এবং কুম্ভবাণী উভয়ই মানুষের জীবনে উল্লেখযোগ্য প্রভাব ফেলেছে।

শেষ হলো মহাকুম্ভের সংবাদ।

#######Sound byte#######

**************************

**VP, Arunachal Pradesh:**

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় বলেছেন, সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে উৎসবগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আজ অরুণাচল প্রদেশের কামলে

জেলার বোয়াসিমলায় প্রথমবারের মতো যৌথ মেগা নিওকুম ইউলো উদযাপনে যোগদান করে তিনি এই মন্তব্য করেন। ভারতের দ্রুত অগ্রগতির কথা তুলে ধরে, শ্রী ধনখড় বলেন যে ভারত বিশ্বের দ্রুততম বর্ধনশীল দেশ। তিনি অর্থনৈতিক প্রবৃদ্ধি, পরিকাঠামো উন্নয়ন এবং সমাজকল্যাণ প্রকল্পে অন্যান্য সমস্ত দেশের তুলনায় দেশের উল্লেখযোগ্য অগ্রগতির উপর গুরুত্ব আরোপ করেন।

অরুণাচল প্রদেশের জলবিদ্যুৎ সম্ভাবনা সম্পর্কে বলতে গিয়ে উপরাষ্ট্রপতি বলেন, রাজ্যের ৫0,000 মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা রয়েছে। অনুষ্ঠানে কেন্দ্রীয় সংসদীয় বিষয়ক ও সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে অরুণাচল প্রদেশে এক নতুন রূপান্তর দেখা গেছে। তিনি বলেন, শীঘ্রই সম্পন্ন হতে যাওয়া ট্রান্স-অরুণাচল হাইওয়ে রাজ্যের প্রতিটি জেলা সদরকে সংযুক্ত করবে। তিনি আরও বলেন যে, কেন্দ্রীয় সরকার রাজ্যে ৪২,000 কোটি টাকার সীমান্ত মহাসড়ক প্রকল্প অনুমোদন করেছে।

**************************

**Cricket:**

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক সীমিত ওভারের সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে ব্লাডমাউথ ক্লাব খেলবে তরুণ সংঘ কোচিং সেন্টারের বিরুদ্ধে। আজ আসরের দুটি সেমিফাইনাল অনুষ্ঠিত হয়। এতে তালতলা মাঠে তরুণ সংঘ কোচিং সেন্টার ২ উইকেটে মৌচাক ক্লাবকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে ব্লাডমাউথ ক্লাব ১৫২ রানে এগিয়ে চলো সংঘকে পরাজিত করে। আগামী ২৮ মার্চ ফাইনাল ম্যাচটি হবে।

**************************

**Weather:**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ দশমিক তিন ডিগ্রী সেলসিয়াস।

**************************

**************************